

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.১৯.৬০

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯


বিষয়: সম্পূর্ণ বেতন ভাতা প্রাপ্তির নির্দেশ ও অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অপসারণপূর্বক জ্যেষ্ঠতমকে দায়িত্ব প্রদানের নির্দেশ

সূত্র: ১০৪৫

সাতক্ষীরা জেলার এপিএস ডিগ্রি কলেজের প্রদর্শক জনাব মোঃ আল আমিন সম্পূর্ণ বেতন ভাতা প্রাপ্তির নির্দেশ ও অবৈধ ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব অপসারণপূর্বক জ্যেষ্ঠতমকে দায়িত্ব প্রদানের নির্দেশ প্রদানের জন্য আবেদন করেন।

আবেদনের বিবরণ: ০১/১২/২০১৮খ্রি. তারিখ বাড়ি থেকে কলেজে যাওয়ার পথে কলেজের পার্শ্ব থেকে ব্যক্তিগত আক্রোশে ও ষড়যন্ত্র করে পুলিশ দিয়ে অন্যায়ভাবে বিনা মামলায় তাকে গ্রেফতার করে। সেজন্য ০৮/১২/২০১৮খ্রি. তারিখে অবৈধ সদস্যের এডহক কমিটির বিনা নোটিশে সাময়িক বরখাস্ত করেন। ডিসেম্বর ও জানুয়ারি ২ মাস অর্ধেক বেতন বিল করা হয়। মহামান্য হাইকোর্টের নির্দেশ ও শিক্ষা মন্ত্রণালয়ের ৬ আগস্ট ২০১৭খ্রি. তারিখের পরিপত্রের নির্দেশ মোতাবেক ৬০ দিন অতিবাহিত হওয়ায় তিনি সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার ও সম্পূর্ণ বেতন ভাতা প্রাপ্তির জন্য আবেদন করেন। গভর্নিং বডি'র সভাপতি নিয়মবহির্ভূত কনিষ্ঠতম প্রভাষক ও ভারপ্রাপ্ত অধ্যক্ষকে ফেব্রুয়ারি ২০১৯খ্রি. তারিখ থেকে সম্পূর্ণ বেতন ও ভাতার বিল করার নির্দেশ দেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষ সভাপতির নির্দেশ উপেক্ষা করে পার্শ্ববর্তী ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় অর্ধেক বিল করে সভাপতির স্বাক্ষর না নিয়ে একাই স্বাক্ষর করে ব্যাংকে বিল জমা দিয়েছেন, যা এখন স্থগিত আছে।

এমতাবস্থায়, সাতক্ষীরা জেলার এপিএস ডিগ্রি কলেজের প্রদর্শক জনাব মোঃ আল আমিন এর আবেদনের বিষয়ে আপনার মতামত ৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।



৫-৯-২০১৯

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক(কলেজ-৩)

জনাব মোঃ রফিকুল ইসলাম, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত),
এপিএস ডিগ্রি কলেজ, আশাশুনি, সাতক্ষীরা।

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.২৭.০১১.১৯.৬০/১(৪)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৬

০৪ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সভাপতি, পরিচালনা পরিষদ, এপিএস ডিগ্রি কলেজ, আশাশুনি, সাতক্ষীরা।
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সাতক্ষীরা
- ৩) জনাব মোঃ আল আমিন, প্রদর্শক, এপিএস ডিগ্রি কলেজ, আশাশুনি, সাতক্ষীরা।
- ৪) সংরক্ষণ নথি।

৯১৫২৪

৫-৯-২০১৯

মোঃ আবদুল কাদের
সহকারী পরিচালক(কলেজ-৩)